বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

**প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

Office of the Chief Engineer, Monitoring
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৮৮.০০১.২১-২০১৯ তারিখঃ ০৯/০৫/২০২১ খ্রিঃ

প্রধান প্রকৌশলী,
কেন্দ্রীয় অঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ ফরিদপুর/ কুমিল্লা/ রংপুর/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ খুলনা/ চট্টগ্রাম।

**বিষয় : প্রকল্পের গুনগত মান নিশ্চিতকরণের (টাস্কফোর্স, বাপাউবো'র কার্যক্রম) গাইডলাইন প্রণয়নের নিমিত্ত নদী তীর সংরক্ষণ/ জরীপ বা সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নাবলীর মাধ্যমে মতামত গ্রহণ কার্যক্রম প্রসঙ্গে।**

প্রকল্পের গুনগত মান নিশ্চিতকরণের (টাস্কফোর্স, বাপাউবো'র কার্যক্রম) গাইডলাইন প্রণয়নের নিমিত্ত নদী তীর সংরক্ষণ/ জরীপ বা সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নাবলীর (তীর সংরক্ষণ/ বাঁধ প্রতিরক্ষা কাজ/ হাইড্রোলিক অবকাঠামো/ জরীপ কাজ সম্পর্কিত প্রশ্নাবলী) উপর আপনার মতামত প্রেরণের জন্য প্রশ্নাবলীর কপি অত্রসাথ প্রেরণ করা হলো। অত্র পত্রের তারিখ হতে আগামী ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে প্রশ্নাবলীর উত্তর সম্বলিত কপিসমূহ অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, এই কার্যক্রমে বাপাউবোতে কর্মরত সহকারী প্রকৌশলী ও তদুর্ধ সকল কর্মকর্তা এবং সাবেক সম্মানিত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলীগণ অংশগ্রহণ করবেন।

সংযুক্তি : বর্ণনামতে।

০৯/০৫/২০২১
(মোঃ মনিরুল ইসলাম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মনিটরিং
বাপাউবো, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী........(অবসরপ্রাপ্ত, সকল)।
২। অতিরিক্ত মহাপরিচালক.................... বাপাউবো............(সকল)।
৩। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী............ বাপাউবো............(সকল)।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক.................. বাপাউবো............(সকল) (সংশ্লিষ্ট মাঠ দপ্তরের সকল কর্মকর্তাদের অবহিতকরণ ও নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন)।
৫। নির্বাহী প্রকৌশলী............................ বাপাউবো............(সকল)।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হলো)।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী.......................... বাপাউবো..........(সকল)।
৮। সহকারী প্রকৌশলী............................ বাপাউবো..........(সকল)।

# প্রকল্পের গুনগত মান নিশ্চিতকরণের (টাস্কফোর্স, বাপাউবোর কার্যক্রম) গাইডলাইন প্রণয়নের নিমিত্ত নদী তীর সংরক্ষণ/জরীপ বা সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নাবলীর মাধ্যমে মতামত গ্রহণ কার্যক্রম

এই কার্যক্রম বাপাউবোতে কর্মরত সহকারী প্রকৌশলীও তদুর্ধ সকল কর্মকর্তা এবং সাবেক সম্মানিত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/প্রধান/অতিরিক্ত প্রধান/ তত্ত্বাবধায়ক/ নির্বাহী/ উপ-বিভাগীয়/ সহকারী প্রকৌশলীগণ কর্তৃক তাঁদের গুরুত্বপূর্ণ মতামত গ্রহণের উদ্দেশ্যে প্রণীত।

## নদী তীর সংরক্ষণ/বাঁধ প্রতিরক্ষা কাজ/হাইড্রোলিক অবকাঠামো/জরীপ কাজ সম্পর্কিত প্রশ্নাবলী

মতামত প্রদানকারীর নাম ঃ ................................................................................

বর্তমান/সাবেক পদবী ঃ ................................................................................

বর্তমান/সাবেক দপ্তরের নাম ঃ ................................................................................

বাপাউবো আইডি ঃ ................................................................................

মতামত প্রদানের তারিখ ঃ ................................................................................

## ক) টাস্কফোর্স কার্যক্রম পরিচালনা সম্পর্কিত (১-৬)

**১। প্রশ্নঃ বাপাউবোর বিভিন্ন প্রকল্পের গুণগত মান নিশ্চিতকরণে কেন্দ্রীয় টাস্কফোর্স কমিটির প্রয়োজন আছে বলে আপনি মনে করেন কি ?**

| | | | |
|---|---|---|---|
| ১.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১.২ | উত্তর না হলে, আপনার যৌক্তিকতা সংক্ষেপে উল্লেখ করুন বা আপনার কোন বিকল্প প্রস্তাব থাকলে তাও আপনি উল্লেখ করতে পারেন । | | |

**২। প্রশ্নঃ টাস্কফোর্স এর নাম এবং কর্মপরিধি পরিবর্তনের কোন প্রয়োজন আছে বলে আপনি মনে করেন কি ?**

| | | | |
|---|---|---|---|
| ২.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২.২ | উত্তর হ্যাঁ হলে, আপনার প্রস্তাব কি? | | |

**৩। প্রশ্নঃ কেন্দ্রিয় টাস্কফোর্স কমিটির পরিবর্তে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল (ইস্ট/ওয়েস্ট) গণ কর্তৃক তাদের স্ব স্ব কার্যপরিধি অনুযায়ী নিজ দপ্তরসহ বিভিন্ন দপ্তরের সহকারী/ উপ-বিভাগীয়/ নির্বাহী প্রকৌশলীগণদের কোআপ্ট/স্থায়ী পদ সৃষ্টি করে বাপাউবোর বিভিন্ন প্রকল্পের কাজের মান নিশ্চিতকরণ করতে পারেন। ফলে আলাদাভাবে টাস্কফোর্স কমিটি থাকার প্রয়োজনীয়তা আছে বলে আপনি মনে করেন কি ?**

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩.২ | উত্তর না হলে, এর পক্ষে যুক্তি দিন? | | |

**৪। প্রশ্নঃ টাস্কফোর্স এর কার্যক্রম, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর মনিটরিংসহ কাজের গুনগত মান বজায় রাখার ক্ষেত্রে কোন বিশেষ ভূমিকা রাখছে বলে আপনি মনে করেন কি ?**

| | | | |
|---|---|---|---|
| ৪.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৪.২ | উত্তর হ্যাঁ হলে, দয়া করে কোন কোন ক্ষেত্রে তা হচ্ছে বুলেট পয়েন্ট আকারে উল্লেখ করতে পারেন। | | |

**৫। প্রশ্নঃ টাস্কফোর্স এর কাজে নিযুক্ত থাকায় টাস্কফোর্স সদস্যদের প্রায়শই তাদের সংশ্লিষ্ট দপ্তর হতে অন্যত্র অবস্থান করতে হয়, ফলে সংশ্লিষ্ট দপ্তরের কাজ ব্যহত হয় বলে আপনি মনে করেন কি ?**

| | | | |
|---|---|---|---|
| ৫.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৫.২ | উত্তর হ্যাঁ হলে অর্থাৎ সংশ্লিষ্ট দপ্তরের কাজ ব্যহত হলে, তা কি উপায়ে | | |

| | | |
|---|---|---|
| | সমাধান করা যেতে পারে সে বিষয়ে আপনার নির্দিষ্ট প্রস্তাব দয়া করে সংক্ষেপে উল্লেখ করবেন। | |

**৬। প্রশ্নঃ কাজের স্বচ্ছতা নিশ্চিত করতে, নদী তীর সংরক্ষণ কাজে ডাম্পিং ম্যাটেরিয়াল (ব্লক/হার্ড রক/ বোল্ডার/ জিওব্যাগ) এর প্রতিবেদন, ডাম্পিং করার ১০ (দশ) দিন পূর্বে নির্দিষ্ট ছকে পানি সম্পদ মন্ত্রণালয়, বোর্ড এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল ইস্ট/ওয়েস্ট এবং আহবায়ক, টাস্কফোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) বরাবর হার্ডকপি ও সফটকপি (ই-মেইলে) প্রেরন করা আবশ্যক। আপনি কি এই মনোভাব সমর্থন করেন?**

| | | | |
|---|---|---|---|
| ৬.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৬.২ | উত্তর না হলে, বর্ণিত সময়সীমা এবং উল্লিখিত তথ্যাদি প্রেরণ সংক্রান্ত ব্যাপারে আপনার কোন প্রস্তাব আছে কি? দয়া করে সংক্ষেপে উল্লেখ করুন। | | |

## খ) টাস্কফোর্স সদস্য সম্পর্কিত (৭-৮)

৭। প্রশ্নঃ টাস্কফোর্স এ নিযুক্ত সকল সদস্যদের নদী তীর সংরক্ষণ এবং জরীপ কাজের গুণগত মান নিশ্চিতকরণে অংশগ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কাজের নকসা এবং ব্যবহৃত ম্যাটেরিয়্যালের কারিগরি স্পেশিফিকেশন বিষয়ে বুনিয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যকতার বিষয়ে আপনি কি সহমত পোষণ করেন?

| | | | |
|---|---|---|---|
| ৭.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৭.২ | উত্তর না হলে, আপনার বিশেষ কোন প্রস্তাব আছে কি? | | |

৮। প্রশ্নঃ টাস্কফোর্স এর কাজে স্বভাবতই ঝুঁকি বিদ্যমান এছাড়াও সদস্যদের মাঠ পর্যায়ের যথেষ্ঠ কারিগরি নির্দেশনা, কারিগরি জ্ঞান প্রদান এবং মাঠ পর্যায়ে বিভিন্ন উপকরণের কারিগরি পরীক্ষা করতে হয়, এ বিষয়ে টাস্কফোর্স সদস্যদের ঝুঁকি ভাতাদী এবং বিশেষ বা আর্থিক সম্মানীর ব্যবস্থা থাকা সমীচীন – আপনি কি এ বিষয়ে সহমত?

| | | | |
|---|---|---|---|
| ৮.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৮.২ | উত্তর না হলে, আপনার বিশেষ কোন প্রস্তাব আছে কি? | | |

## গ) সিসি ব্লক সম্পর্কিত (৯-১২)

৯। প্রশ্নঃ সিসি ব্লকের গুণগত মান যাচাই এর নিমিত্ত, কার্যসাইটে খামালকৃত সিসি ব্লক হতে প্রতি ৫,০০০ (পাঁচ হাজার) ব্লক থেকে এক সেট (৩টি) করে নমুনা ব্লক দৈবচয়নে/ খামালকৃত যেকোটন নমুনা (সমুহ) নির্বাচন করা হয়। এই পদ্ধতিকে যথাযথ বলে মনে করেন কি ?

| | | | |
|---|---|---|---|
| ৯.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৯.২ | উত্তর না হলে, আপনার বিশেষ কোন প্রস্তাব আছে কি? | | |

১০। প্রশ্নঃ নমুনা ব্লকের কোর টেস্টের ভিত্তিতে compressive strength এর গ্রহণযোগ্য সর্বনিম্ন সীমা ডিজাইন/ **"Technical Specification for Civil Works, Second Edition, January 2019"** অনুযায়ী স্ট্রেংথ এর ৮০% হবে। নমুনা ব্লকের কোর স্ট্রেংথ ৮০% এর কম হলে, সংযুক্ত-১ এ বর্ণিত নিয়মে সিসি ব্লক বাতিল করা হবে। ব্লক বাতিলের এ নিয়মকে যথাযথ বলে মনে করেন কি?

| | | | |
|---|---|---|---|
| ১০.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১০.২ | উত্তর না হলে, আপনার বিশেষ কোন প্রস্তাব আছে কি? | | |

১১। প্রশ্নঃ গুণগত মান যাচাই এর নিমিত্ত এবং কাজের স্বচ্ছতা নিশ্চিতে, বাছাইকৃত নমুনা ব্লকে বিভাগীয় দপ্তর এবং কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট এর নিয়ন্ত্রাধীন মান নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অথবা টাস্কফোর্স সদস্যের (প্রযোজ্য ক্ষেত্রে) এর যৌথ স্বাক্ষর থাকতে হবে এবং নমুনা নির্বাচনের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তা বর্ণিত কর্মকর্তার তত্ত্বাবধায়নে ল্যাবরেটরিতে পৌঁছাতে হবে। এই কর্ম-পদ্ধতিকে আপনি যথাযথ মনে করেন কিনা ?

| | | | |
|---|---|---|---|
| ১১.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১১.২ | উত্তর না হলে, আপনার বিশেষ কোন প্রস্তাব আছে কি? | | |

১২। প্রশ্নঃ ল্যাবরেটরি থেকে প্রাপ্ত টেস্ট রেজাল্টের ভিত্তিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল (ইস্ট/ওয়েস্ট) অথবা আহবায়ক, টাস্কফোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) তাঁদের কার্যপরিধি অনুযায়ী সিসি ব্লকের বাতিল/গ্রহণ সংক্রান্ত রিপোর্ট প্রদান করবেন। এই কর্ম-পদ্ধতিকে আপনি যথাযথ মনে করেন কিনা ?

| | | | |
|---|---|---|---|
| ১২.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১২.২ | উত্তর না হলে, এর উন্নয়নে আপনার কোন প্রস্তাব আছে কি না ? | | |

## ঘ) জিওটেক্সটাইল সম্পর্কিত (১৩-২০)

১৩। প্রশ্নঃ জিওব্যাগ/জিও টিউব/জিও টেক্সটাইল এর ইঞ্জিনিয়ারিং প্রপার্টি (ফাইবার কম্পোজিসন ব্যতীত) টেস্ট এর ক্ষেত্রে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রণীত "Technical Specification for Civil Works, Second Edition, January 2019" এ বর্ণিত জিও টেক্সটাইল ম্যাটেরিয়াল এর কাঙ্ক্ষিত আদর্শ মান থেকে যেকোন একটির বিচ্যুতি হলে ১০০% বাতিল করা হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৩.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৩.২ | উত্তর না হলে, এর উন্নয়নে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লহেখ করুন ? | | |

১৪। প্রশ্নঃ কার্যসাইটে বালিভর্তি জিওব্যাগ এর মান যাচাই করার জন্য নিক্তি ও সিভ (চালুনি) রাখতে হবে এবং কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট এর নিয়ন্ত্রণাধীন মান নিয়ন্ত্রণকারী সদস্য কর্তৃক মান যাচাই এর পূর্বে সংশ্লিষ্ট উপ-বিভাগীয়/সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক আবশ্যিকভাবে যাচাই হতে হবে। এই কর্ম-পদ্ধতি-ধারনাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৪.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৪.২ | উত্তর না হলে, এর উন্নয়নে / পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

১৫। প্রশ্নঃ কার্যসাইটে গণনাকৃত জিওব্যাগ কোন অবস্থাতেই ৭ (সাত) দিনের বেশি রাখা যাবে না। গণনা ও মান যাচাইকৃত জিওব্যাগ ডাম্পিং করা সম্পন্ন হলে সংশ্লিষ্ট কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট এর নিয়ন্ত্রণাধীন মান নিয়ন্ত্রণকারী সদস্যকে অবহিত করতে হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৫.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৫.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

১৬। প্রশ্নঃ জিওটেক্সটাইলের ইঞ্জিনিয়ারিং প্রপার্টি টেস্টের জন্য বিভাগীয় দপ্তর এবং টাস্কফোর্স যৌথ ভাবে অথবা কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্/ওয়েস্ট এর নিয়ন্ত্রণাধীন মান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক নির্দেশিত যেকোন নমুনা জিওব্যাগের ক্ষেত্রে প্রতি ৫০০০ (পাঁচ হাজার) থেকে কমপক্ষে ১ টি এবং জিও টিউব/জিও টেক্সটাইল ফিল্টার এর ক্ষেত্রে প্রতি ১০,০০০ (দশ হাজার) বর্গমিটার থেকে কমপক্ষে ১ টি নমুনা নির্বাচন করে টেস্ট করাতে হবে। টেস্ট রেজাল্টের ভিত্তিতে জিওব্যাগ/ জিও টিউব/ জিও টেক্সটাইল ফিল্টার এর বাতিল/ গ্রহণ সংক্রান্ত রিপোর্ট প্রদান করা হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি উপযুক্ত ও পর্যাপ্ত মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৬.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |

| | | |
|---|---|---|
| ১৬.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | |

১৭। প্রশ্নঃ টেস্টের জন্য বাছাইকৃত স্যাম্পল এর উপর মাঠ দপ্তর এবং কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাস্তিরেন্স ইস্ট/ ওয়েস্ট এর নিয়ন্ত্রাধীন মান নিয়ন্ত্রণকারী কর্মকর্তার যৌথ স্বাক্ষর করতে হবে এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে টাস্কফোর্স এর তত্ত্বাবধানে টেস্ট ল্যাবরেটরিতে পৌঁছাতে হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৭.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৭.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

১৮। প্রশ্নঃ স্যাম্পল টেস্ট এর জন্য নির্ধারিত ল্যাব ফি মাঠ দপ্তর কর্তৃক সংশ্লিষ্ট ল্যাব এ জমা দিয়ে টাকা জমা-রশিদ এবং সংশ্লিষ্ট দাপ্তরিক পত্র (ফরোয়ার্ডিং) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এবং অ্যাসিওরেন্স সেল (ইস্ট/ওয়েস্ট) অথবা আহবায়ক, টাস্কফোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর নিকট ১০ (দশ) কার্য দিবসের মধ্যে জমা দিতে হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি উপযুক্ত ও পর্যাপ্ত মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৮.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৮.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

১৯। প্রশ্নঃ জিওব্যাগ/জিও টিউব/জিও টেক্সটাইল এর ফাইবার কম্পোজিশন ব্যতীত "Technical Specification for Civil Works, Second Edition, January 2019" অনুযায়ী অন্যান্য টেস্টের ক্ষেত্রে রেজাল্ট স্ট্যান্ডার্ড হতে বিচ্যুত হলে, গণনাকৃত জিওব্যাগ/জিও টিউব/জিও টেক্সটাইল ১০০% বাতিল বলে বিবেচিত হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ১৯.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ১৯.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

২০। প্রশ্নঃ জিওব্যাগ/জিও টিউব/জিও টেক্সটাইল এর ফাইবার কম্পোজিশন টেস্ট রেজাল্টের ভিত্তিতে নিম্ন বর্ণিত নিয়মে বাতিল রিপোর্ট প্রস্তুত করা হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| *প্রলিপ্রপিলিনের শতকরা হার (%)* | বাতিলের হার (%) গণনাকৃত সংখ্যার ভিত্তিতে |
|---|---|
| *৯৭ থেকে ১০০* | *০* |
| *৯ থেকে ৯৭* | *১০০-X (এখানে X= পলিপ্রপিলিনের শতকরা হার)* |
| *৯৫* | *১০০* |

| | | | |
|---|---|---|---|
| ২০.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |

| | | |
|---|---|---|
| ২০.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | |

## ঙ) হার্ডরক/বোল্ডার সম্পর্কিত (২১-২৩)

২১। প্রশ্নঃ প্রতি ৫০০ (পাঁচশত) টন হার্ডরক/বোল্ডার এর ল্যাবরেটরি টেস্ট এর জন্য মাঠ দপ্তর এবং কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট এর নিয়ন্ত্রণাধীন মান নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সমন্বয়ে দৈবচয়ন/খামালকৃত যেকোন এক বা একাধিক হার্ডরক/বোল্ডার নির্বাচন করার প্রচলিত পদ্ধতি কি আপনার বিবেচনায় যথাযথ?

| | | | |
|---|---|---|---|
| ২১.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২১.২ | উত্তর না হলে এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

২২। প্রশ্নঃ নমুনা নির্বাচনের তারিখ হতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তা টেস্ট ল্যাবরেটরিতে পৌছাতে হবে। এই সময়-ব্যবস্থা কি আপনার বিবেচনায়ন যথেষ্ট?

| | | | |
|---|---|---|---|
| ২২.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২২.২ | উত্তর না হলে এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

২৩। প্রশ্নঃ হার্ডরক/ বোল্ডার এর ফিজিক্যাল প্রপার্টি টেস্ট এর ক্ষেত্রে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রণীত "Technical Specification for Civil Works, Second Edition, January 2019" এ বর্ণিত আদর্শ মান থেকে যেকোন একটির বিচ্যুতি হলে ১০০% বাতিল বলে বিবেচিত হবে। এই কর্ম-পদ্ধতি-ব্যবস্থাকে আপনি যথাযথ মনে করেন কিনা?

| | | | |
|---|---|---|---|
| ২৩.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২৩.২ | উত্তর না হলে এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

## চ) হাইড্রোলিক অবকাঠামো সম্পর্কিত (২৪)

২৪। প্রশ্নঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল (ইস্ট/ওয়েস্ট) গণ কর্তৃক তাদের স্ব স্ব কার্যপরিধি অনুযায়ী নদী তীর সংরক্ষণ/জরীপ কাজের মান নিয়ন্ত্রণের সাথে বিভিন্ন হাইড্রোলিক অবকাঠামোর গুণগত মান যাচাইকরণ অন্তর্ভূক্ত করার প্রয়োজন আছে বলে আপনি মনে করেন কী?

| | | | |
|---|---|---|---|
| ২৪.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |

| | | |
|---|---|---|
| ২৪.২ | উত্তর না হলে এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | |

## ছ) জরীপ কাজ সম্পর্কিত প্রশ্নাবলী (২৫-৩৫)

### *i) যৌথ জরীপঃ*

২৫। প্রশ্নঃ যেসকল নদী/খাল /জলাশয়ে ব্যাথেমেট্রিক (সর্বনিম্ন ৩ মিটার গভীর থাকা সাপেক্ষে) ও টোটাল স্টেশন জরীপ প্রযোজ্য, সেসকল ক্ষেত্রে বিভাগীয় দপ্তর ও কোয়ালিটি কন্ট্রোল ইস্ট/ওয়েস্ট এর স্ব স্ব কার্যপরিধিভূক্ত এলাকায় যৌথ জরীপ সম্পাদন করা যেতে পারে। আপনি কী এই ধারনাকে সমর্থন করেন?

| | | | |
|---|---|---|---|
| ২৫.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২৫.২ | উত্তর না হলে, এর পরিবর্তনে আপনার কোন প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

২৬। প্রশ্নঃ নদী জরিপ কাজে প্রধান প্রকৌশলীর দপ্তর, পানি বিজ্ঞানকে অন্তর্ভুক্ত করে এর অধীনস্ত বিভিন্ন দপ্তরের দক্ষ জনবল ও যন্ত্রপাতি ব্যবহারে অধিকতর সুফল পাওয়া সম্ভব এবং তা দ্রুতই বাস্তবায়ন করা প্রয়োজন - আপনি এই ধারনার সাথে সহমত পষণ করেন কি?

| | | | |
|---|---|---|---|
| ২৬.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২৬.২ | উত্তর না হলে, আপনার কোন বিকল্প প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন? | | |

২৭। প্রশ্নঃ কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট দপ্তরের সাথে সাপোর্ট সার্ভিস হিসেবে আইডব্লিইএম এর নিয়মিত সম্পৃক্ততার প্রয়োজন আছে বলে আপনি মনে করেন কি ?

| | | | |
|---|---|---|---|
| ২৭.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ২৭.২ | উত্তর হ্যাঁ হলে অন্তত ৩টি যুক্তি বুলেট ফর্মেলিখুন। আর উত্তর না হলে, আপনার কোন বিকল্প পর্যবেক্ষন / প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করতে পারেন? | | |

২৮। প্রশ্নঃ বর্তমান অবস্থায়, টাস্কফোর্স ও আইডব্লিইএম সহযোগে সম্পাদিত কাজের গুণগত ও পরিমানগত মান নিয়ে আপনার সন্তুষ্টির মাত্রা কোন পর্যায়ের?

| | | |
|---|---|---|
| ২৮.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) এবং পাশের বক্সে অন্তত ৩ টি স্বপক্ষ যুক্তি লিখুন | স্বপক্ষ যুক্তি |
| ২৮.২ | ভালো | ১। |

| | | |
|---|---|---|
| | | ২। <br> ৩। |
| | মোটামুটি | ১। <br> ২। <br> ৩। |
| | সন্তোষজনক নয় | ১। <br> ২। <br> ৩। |

## *ii) যাচাই জরীপঃ*

২৯।প্রশ্নঃ বিভাগীয় দপ্তর কর্তৃক লেভেল বই প্রেরণের পর টাস্কফোর্স কর্তৃক তা যাচাই জরীপের জন্য সর্বোচ্চ কত দিনের মধ্যে টাস্কফোর্স কর্তৃক যাচাই করা না হলে, বিভাগীয় দপ্তরের জরীপকে চূড়ান্ত গণ্য করা যুক্তিযুক্ত হবে বলে আপনি মনে করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | ৭ দিন | ১০ দিন | ১৪ দিন |
| ২৯.২ | উত্তর উল্লেখিত দিনসংখ্যা গ্রহনযোগ্য মনে না হলে, আপনার প্রস্তাব কি? | | | |

৩০। প্রশ্নঃ বড় নদীর চর ড্রেজিং এর ক্ষেত্রে জিপিএস এর সাহায্যে চর নির্দিষ্টকরণ (চেইনেজ নির্দিষ্টকরণের ক্ষেত্রে) এবং ড্রেজিং এর সেন্টার লাইন চিহ্নিতকরণ (মাটির পরিমাণ নির্ণয়ের জন্য) পূর্বক ডিজাইন অনুমোদন করা কী আবশ্যক বলে মনে করেন?

| | | | |
|---|---|---|---|
| ৩০.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩০.২ | উত্তর না হলে, আপনার কোন বিকল্প পর্যবেক্ষন / প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করতে পারেন? | | |

৩১।প্রশ্নঃ প্রি-ওয়ার্কের সময় নির্ধারিত সেন্টার লাইন পোস্ট-ওয়ার্কেও প্রযোজ্য হবে, তবে কাজ চলাকালীন সেন্টার লাইন পরিবর্তনের প্রয়োজন হলে, তা প্রধান প্রকৌশলী, মনিটরিং এর অনুমোদন সাপেক্ষ্যেই হতে হবে। এই ধারনা আপনি সমর্থন করেন কী?

| | | | |
|---|---|---|---|
| ৩১.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩১.২ | উত্তর না হলে, আপনার কোন বিকল্প পর্যবেক্ষন / প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করতে পারেন? | | |

৩২। প্রশ্নঃ প্রি-ওয়ার্ক/পোস্ট-ওয়ার্ক যাচাই জরিপে বিভাগীয় দপ্তরের পরিমাপকৃত মাটির পরিমাপের সাথে কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স ইস্ট/ওয়েস্ট সেল কর্তৃক পরিমাপকৃত মাটির পরিমাপের সাথে কোন তারতম্য পরিলক্ষিত হলে কিংবা কোন অনিয়মের অভিযোগ পাওয়া গেলে প্রকৌশলী, মনিটরিং বা তাঁর প্রতিনিধি প্রাথমিক তদন্তের ব্যবস্থা করতে পারবেন। তদন্ত সাপেক্ষে মহাপরিচালক, বাপাউবো মহোদয় অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই কার্য-ব্যবস্থার সাথে আপনি কি একমত?

| | | | |
|---|---|---|---|
| ৩২.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |

| | | |
|---|---|---|
| ৩২.২ | উত্তর না হলে, আপনার কোন বিকল্প পর্যবেক্ষন / প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করতে পারেন? | |

## iii) জরীপ কাজে তথ্য প্রেরণ সম্পর্কিতঃ

৩৩। প্রশ্নঃ জরিপ বা সংশ্লিষ্ট কাজে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের পত্রের অনুলিপি ৭ কার্যদিবসের মধ্যে কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল ইস্ট/ওয়েস্ট এর দাপ্তরিক ই-মেইলসহ দপ্তরেও পৌছাতে হবে। এই কার্য-ব্যবস্থার সাথে আপনি কি একমত?

| | | | |
|---|---|---|---|
| ৩৩.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩৩.২ | উত্তর না হলে, আপনার বিকল্প কোন প্রস্তাব আছে কি?সংক্ষেপে উল্লেখ করুন। | | |

৩৪। প্রশ্নঃ সকল মাটির কাজের ক্ষেত্রে উপরের প্রক্রিয়াগুলো সম্পন্ন করেই তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল (ইস্ট/ওয়েস্ট) অথবা আহবায়ক, টাস্কফোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরে প্রেরণ করা হবে। এই কার্য-ব্যবস্থার সাথে আপনি কি একমত?

| | | | |
|---|---|---|---|
| ৩৪.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩৪.২ | উত্তর না হলে, আপনার প্রস্তাব কি? | | |

## vi) জরীপ রিপোর্ট প্রদান সম্পর্কিতঃ

৩৫। প্রশ্নঃ যৌথ/যাচাই জরিপ শেষে সংশ্লিষ্ট মাটির কাজের গুনগত মান ও পরিমান সংক্রান্ত প্রতিবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসিওরেন্স সেল (ইস্ট/ওয়েস্ট) অথবা আহবায়ক, টাস্কফোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরে প্রেরণ করা হবে। এই কার্য-ব্যবস্থাকে আপনি সমর্থন করেন কী?

| | | | |
|---|---|---|---|
| ৩৫.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩৫.২ | উত্তর না হলে, আপনার বিকল্প প্রস্তাব কি? | | |

## জ) বিবিধ (৩৬-৩৭)

৩৬। প্রশ্নঃ প্রেরিত জরীপ কাজের লেভেল বুকে নদী ও খাল এর ক্ষেত্রে Left Bank (L/B) অথবা Right Bank (R/B), বাঁধ এর ক্ষেত্রে Country Side (C/S) অথবা River Side (R/S) এবং উভয় ক্ষেত্রেই Center Line (C/L) সুস্পষ্টভাবে উল্লেখ করা সহ সফটকপি হিসেবে google earth এর .kml/.kmz ফাইল উপরে উল্লেখিত ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। এই কার্য-ব্যবস্থাকে আপনি সমর্থন করেন কী?

| | | | |
|---|---|---|---|
| ৩৬.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |

| | | |
|---|---|---|
| ৩৬.২ | উত্তর না হলে, আপনার বিকল্প প্রস্তাব কি? | |

৩৭। প্রশ্নঃ ডিজাইন ডাটা যে BM/TBM এর সাপেক্ষে প্রেরণ করা হয়েছে প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক গেন একই BM/TBM এর সাপেক্ষে গ্রহণ করতে হবে। জরীপ কাজ সম্পাদনের ক্ষেত্রে স্থায়ী অবকাঠামোতে TBM রাখতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে প্রতি কিঃ মিঃ এ)। কোন অবস্থাতেই একই বাঁধ, খাল বা নদীতে কাজের ক্ষেত্রে অথবা পরস্পর সংযুক্ত কাজের ক্ষেত্রে একই বা ভিন্ন প্যাকেজে পৃথক BM/TBM ব্যবহার করা যাবে না। প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ জরীপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ কর্তৃক স্থাপিত BM পিলার ব্যবহার করা সহ BM ফ্লাই করতে এর ব্যবহার নিশ্চিত করতে হবে। এই কার্য-ব্যবস্থা প্রস্তাবনাকে আপনি সমর্থন করেন কী?

| | | | |
|---|---|---|---|
| ৩৭.১ | উত্তরঃ (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | না |
| ৩৭.২ | উত্তর না হলে, আপনার কোন বিকল্প প্রস্তাব থাকলে সংক্ষেপে উল্লেখ করুন। | | |

ঝ) উপরোক্ত প্রশ্নাবলীর অতিরিক্ত সংশ্লিষ্ট বিষয়ে আপনার কোন মতামত থাকলে নিচে বিস্তারিত বর্ণনা করুনঃ

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

......................................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

## সংযুক্তি-১

**ব্লক টেস্ট এর ভিত্তিতে নিম্ন বর্ণিত নিয়মে বাতিল রিপোর্ট প্রস্তুত করা হবে।**

ক) ব্লকের কোর টেস্টে কোরের আদর্শ শক্তি (compressive strength) ডিজাইন চাপন শক্তির ৮০% ধরে হিসেব করতে হবে।
খ) ব্লক কোন এর চাপন শক্তি, ডিজাইন চাপন শক্তির ৮০% এর বেশি হলে তা ডিজাইন চাপন শক্তির ৮০% ধরে হিসেব করা হবে।
গ) একাধিক ব্লক টেস্ট এর ক্ষেত্রে যেসব ব্লকের কোর এর চাপন শক্তি, ডিজাইন চাপন শক্তির ৮০% এর বেশি সেসব ব্লকের চাপন শক্তির মানকে ৮০% ডিজাইন চাপন শক্তির মান হিসেবে ধরে সব ব্লকের গড় চাপন শক্তি বের করতে হবে। গড় চাপন শক্তি, ৮০% এর কম হলে নিম্নলিখিত সূত্রের আলোকে সিসি ব্লক বাতিল করা হবে।

**ব্লক বাতিলের সূত্রঃ**

বাতিলকৃত ব্লক সংখ্যা= { স্পেসিফিকেশন অনুযায়ী স্ট্রেংথ এর ৮০% - নমুনার প্রাপ্ত গড় রেজাল্ট) * ফ্যাক্টর} * নির্দিষ্ট সাইজের গণনাকৃত মোট ব্লক সংখ্যা + স্পেসিফিকেশন অনুযায়ী স্ট্রেংথ এর ৮০% এর চেয়ে কম নমুনা ব্লকের তৈরির তারিখে মোট উৎপাদন সংখ্যার সমষ্টি

ছক-১ঃ ব্লক বাতিলকরণের ফ্যাক্টর

| শ্রেণী | নমুনা ব্লকের গড় রেজাল্টের ব্যাপ্তি | স্পেসিফিকেশন অনুযায়ী ব্লকের স্ট্রেংথ | | | | | ফ্যাক্টর |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৯.০ (MPa) ব্লক | ১০.৫ (MPa) ব্লক | ১২ (MPa) ব্লক | ১৫ (MPa) ব্লক | ১৮ (MPa) ব্লক | |
| রেঞ্জ-১ | ৮০%-৭২% | ৭.২-৬.৫ | ৮.৪-৭.৬ | ৯.৩-৮.৭ | ১২.০-১০.৮ | ১৪.৪-১২.৯৬ | ১ |
| রেঞ্জ-২ | ৭২%-৬৭% | ৬.৫-৬ | ৭.৬-৭ | ৮.৭-৮ | ১০.৮-১০.০ | ১২.৯৬-১২.১ | ২ |
| রেঞ্জ-৩ | ৬৭%-৬১% | ৬-৫.৫ | ৭-৬.৪ | ৮.০-৭.৩ | ১০.০-৯.২ | ১২.১-১০.৯৮ | ৩ |
| রেঞ্জ-৪ | ৬১%-৫৬% | ৫.৫-৫ | ৬.৪-৫.৮ | ৭.৩-৬.৭ | ৯.২-৮.৩ | ১০.৯৮-১০.১ | ৪ |
| রেঞ্জ-৫ | ৫৬%-৫০% | ৫-৪.৫ | ৫.৮-৫.৩ | ৬.৭-৬ | ৮.৩-৭.৫ | ১০.১-৯.০ | ৫ |
| রেঞ্জ-৬ | <৫০% | <৪.৫ | <৫.৩ | <৬.০ | <৭.৫ | <৯.০ | ৮ |

*** উপরের ছকে উল্লিখিত ব্লক ছাড়া অন্যান্য ব্লকের ক্ষেত্রে রেঞ্জ- থেকে রেঞ্জ -৬ এর গড় রেজাল্টের ব্যাপ্তি বাতিলের ক্ষেত্রে প্রযোজ্য হবে।